দৈনিক সংবাদ

তারিখ JAN 24 2002
পৃষ্ঠা

# কৃষি বিশ্ববিদ্যালয়ের জটিলতা নিরসনে শিক্ষক-ছাত্রদের সঙ্গে মন্ত্রীর বৈঠক

নিজস্ব বার্তা পরিবেশক ঃ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক গতকাল মঙ্গলবার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক করেছেন।

গতকাল দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে শিক্ষামন্ত্রী কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-ছাত্র নেতৃবৃন্দকে আশ্বস্ত করে বলেছেন, নামটি যেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থাকে সেজন্যে তিনি বিষয়টি মন্ত্রিসভার বৈঠকে উপস্থাপন করবেন। বৈঠকে অবশ্য সরকারিদলের অঙ্গ সংগঠন ছাত্রদল ও ছাত্র শিবিরের নেতৃবৃন্দ ছিলেন। ছাত্রলীগের কোন নেতা রাখা হয়নি। ময়মনসিংহ থেকে এই নেতারা বৈঠক করে ফিরে যাওয়ার সময় এ প্রতিবেদককে বৈঠকের অগ্রগতি সম্পর্কে কিছু জানাতে অস্বীকৃতি জানায়। তবে তারা বলেন, আবার আমাদের বৈঠক হবে।

সূত্র জানায়, বৈঠকে শিক্ষামন্ত্রী ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় পরিস্থিতি শান্ত রাখার আহ্বান জানিয়েছেন।